মুজিবনগরে আবারো প্রধানমন্ত্রীর উপহারের ঘর পাচ্ছেন ৬ পরিবার

মুজিবনগরে ৩য় ধাপে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে ৬ টি ভূমি ও গৃহহীন পরিবারকে নতুন গৃহ দিতে সংবাদ সম্মেলন করেছে উপজেলা প্রশাসন এবং আগামী ২১ জুলাই (বৃহস্পতিবার) আনুষ্ঠানিকভাবে দুই শতক জমির দলিলসহ এই ঘরের চাবি ওইসব পরিবারকে দেয়া হবে।

আজ মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনয়াতনে এ সংবাদ সম্মেলন থেকে বিষয়টি নিশ্চিত করেছে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

সংবাদ সম্মেলনে উপজেলা নির্বাহী অফিসার জানান,প্রধানমন্ত্রীর উপহার হিসেবে সব এলাকায় ভূমিহীন ও গৃহহীনদের ঘর দেয়া হবে। কোনো মানুষই আর গৃহহীন থাকবে না। এ প্রকল্পের আওতায় মুজিবনগর উপজেলার ৪ টি ইউনিয়নে ইতিমধ্যে ২৭ টি পরিবারের মাঝে জমি ও ঘর দেয়া হয়েছে। ৩য় ধাপের ২য় পর্যায়ে আরো ৬ টি নতুন পরিবারকে জমিসহ গৃহ উপহার দেয়া হবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রবসহ মুজিবনগরে কর্মরত সকল সংবাদ কর্মিরা।

কোন বাগিচার ফুল – লুৎফুর রহমান চৌধুরী

তুমি কোন বাগিচার ফুল গো সখী

কোন কাননের ফুল
তোমার মিষ্টি ঠোঁটের হাসিতে যেন ঝরে পড়ে রক্ত জবা ফূল।

তুমি কোন বাগিচার ফুল গো সখী কোন কাননের ফুল
কাঁটায় যেন ঘিরে আছে
ফুটে ওঠা কূল।

তুমি কোন বাগিচার ফুল গো সখী কোন কাননের ফুল
তোমার ফুলে সৌরভ আছে
নেইকো তাতে কোন ভুল।

তুমি কোন বাগিচার ফুল গো সখী কোন কাননের ফুল
তোমার রূপে পাগল মালী
গন্ধতে হয় যে ব্যাকুল।

তুমি কোন বাগিচার ফুল গো সখী
কোন কাননের ফুল
তোমার রূপের চমক দেখে
আমার মনটা হয় ব্যাকুল।

মেহেরপুরে টিকার বুস্টার ডোজ দেওয়া শুরু

মেহেরপুরে করোনার টিকার বুস্টার ডোজ দেওয়া শুরু হয়েছে।মঙ্গলবার মেহেরপুরের বেশ কয়েকটি কেন্দ্রে এই টিকা দেওয়া শুরু হয়।

খোঁজ নিয়ে জানা গেছে, মেহেরপুর জেলা স্টেডিয়াম ও মেহেরপুর সরকারী কলেজের কেন্দ্রে সকাল ৯ টায় বুস্টার ডোজ দেওয়া শুরু হয়। এসব কেন্দ্রে লোকজন লাইন ধরে টিকা নিচ্ছেন। যারা টিকা নিতে

পারবে তাদের আগে থেকেই মোবাইল ফোনে এসএমএস করে কনফার্ম করা হয়েছে। আজ ফাইজারের টিকা দেওয়া হচ্ছে।

মেহেরপুরের বেশ কয়েকটি জায়গায় ফাইজারের বুস্টার ডোজ দেওয়া হবে বলে জানান মেহেরপুর রেড ক্রিসেন্ট সোসাইটি শাখার যুব প্রধান খন্দকার শামসুজ্জোহা সোহাগ।

তিনি বলেন, আমরা স্টেডিয়াম কেন্দ্র এই সপ্তাহে সাড়ে ৪ হাজার থেকে ৫ হাজারের ওপরে বুস্টার ডোজ প্রদানের লক্ষ্যমাত্রা নিয়ে ১০ জন কর্মী নিয়মিত কাজ করে চলেছি। আজকে প্রায় ৭ শ’ জন মানুষকে আমরা বুস্টার ডোজের আওতায় এনেছি। আশা করছি এই সপ্তাহে আমরা একটি বৃহৎ অংশকে বুস্টার ডোজ দিতে পারবো।

প্রথম বা দ্বিতীয় ডোজের চেয়ে প্রায় ৯৫ শতাংশ মানুষের উপস্থিতি লক্ষ্য করা গেছে। ভলেন্টিয়ার মোঃ নাগর ইসলাম, শেখ আবিদ আল হাসান, আনসা আমরুল, নুসরাত জাহান জ্যোতি, নার্স দেলোয়ার হোসেন ও অবনিতা মন্ডলের গুরুত্বসহকারী কাজকে প্রসংশা করেছেন টিকা দিতে আসা মানুষজন।

মেহেরপুর সদর উপজেলার হরিপুর গ্রামের আফজাল হোসেন বলেন, বুস্টার ডোজ দিতে কোনো অসুবিধাই হয়নি। লাইনে দাঁড়ানোরও প্রয়োজন হয়নি একদমই ফাঁকা ছিলো।

মোছাঃ মরিয়ম বলেন, যেহেতু সরকারের নির্দেশ তাই আগ্রহের সাথেই বুস্টার ডোজ দিতে আসলাম। ডোজ দিতে কোনো প্রকারের অসুবিধা হয়নি। এর আগের ডোজগুলোও যথা সময়ে দিয়েছি এবং বুস্টার ডোজটাও যথা সময়ে দিলাম।

মেহেরপুর সদর উপজেলার বামন পাড়া গ্রামের শহিদুল ইসলাম বলেন, প্রথম ও দ্বিতীয় ডোজ দেওয়া শেষ তাই বুস্টার ডোজ দিতে আসলাম। এসে দেখি অনেকেই এসেছে কিন্তু অল্প সময়ের মধ্যেই টিকা দিয়ে চলে আসলাম।

বুস্টার ডোজ দেওয়ার জন্য প্রথম ও দ্বিতীয় ডোজের টিকার কার্ড প্রয়োজন।

টুইটার প্রধানকে ইলন মাস্কের ‘হুঁশিয়ারি’

টুইটার কেনার সিদ্ধান্ত থেকে সরে আসার ১০দিন আগে টুইটারের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) পরাগ আগারওয়ালকে হুঁশিয়ারি দিয়েছিলেন টেসলা প্রধান ইলন মাস্ক। এছাড়া চুক্তি অমান্য করে টুইটার কিনে নেওয়া থেকে সরে আসার আনুষ্ঠানিক ঘোষণা দেওয়ার পরও আগারওয়ালের সঙ্গে বাহাস করার সুযোগ হাতছাড়া করেননি তিনি।

টুইটারের প্রধান নির্বাহীর উদ্দেশ্যে ইলন মাস্ক বলেন, ‘আপনার আইনজীবীরা আমার ও আপনার মধ্যকার আলাপ-আলোচনা নিয়েও সংকট তৈরি করার চেষ্টা করছেন।’

টুইটারে ইলন মাস্ক কীভাবে বিনিয়োগ করতে চান তা জানতে চেয়ে পাঠানো চিঠির জবাবে আগারওয়ালের উদ্দেশে এমনটি জানান তিনি। গত ২৮ জুনের চিঠির জবাবে এমনটি টুইট করেন তিনি।

এর আগে যুক্তরাষ্ট্রে গত ১২ জুলাই চুক্তি অমান্য করে ৪৪ বিলিয়ন ডলারে টুইটার কিনে নেওয়া থেকে সরে আসায় ইলন মাস্কের নামে মামলা করে টুইটার কর্তৃপক্ষ।

স্থানীয় সময় মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ডেলোয়্যার কোর্ট অফ চ্যান্সারিতে টুইটারের চেয়ারম্যান ব্রেট টেইলরের পক্ষে মামলাটি করা হয়। মামলায় বলা হয়, চুক্তির শর্ত অমান্য করায় টেসলা ও স্পেসএক্সের মালিক মাস্কের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে।

একই দিনে অবসর ঘোষণা ৩ তারকা ক্রিকেটারের

সোমবার দিনটি আন্তর্জাতিক ক্রিকেটের জন্য স্মরণীয় হয়ে থাকবে। কারণ একদিনেই অবসরে গেলেন তিন তারকা ক্রিকেটার।

সবাইকে অবাক করে ওয়ানডে ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দেন ইংল্যান্ডের টেস্ট দলের অধিনায়ক বেন স্টোকস। এর সঙ্গে যোগ হন সাবেক ক্যারিবিয়ান অধিনায়ক ও উইকেটরক্ষক ব্যাটার দিনেশ রামদিন। এর পর সে তালিকায় যুক্ত হয়েছেন উইন্ডিজের উদ্বোধনী ব্যাটার লেন্ডল সিমন্স।

ডাবলিনে ২০১১ সালে আয়ারল্যান্ডের বিপক্ষে ওয়ানডেতে অভিষিক্ত স্টোকস এ সংস্করণে ১০৪ ম্যাচে ২৯১৯ রান ও ৭৪ উইকেট নিয়েছেন।

সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে স্টোকস বলেছেন, এ সিদ্ধান্তটা নেওয়া ছিল জীবনের কঠিনতম সিদ্ধান্ত। তবে এই সংস্করণে সতীর্থদের প্রতি নিজের শতভাগ উজাড় করে দিতে পারব না—এটি ভেবে মনে হয়েছে সিদ্ধান্তটা তেমন কঠিন না। ইংল্যান্ডের জার্সির চেয়ে কম কিছু পেতে পারে না। এখন আমার জন্য তিন সংস্করণে খেলা আর সম্ভব হচ্ছে না।

স্টোকস আরও বলেছেন, ঠাসা সূচিতে শুধু শরীর সায় দিচ্ছে না তা নয়, আমি মনে করি, আমি আরেকজন খেলোয়াড়ের জায়গা দখল করে আছি যে (অধিনায়ক) জসকে (বাটলার) এবং দলকে শতভাগ দিতে পারবে।

১৬ বছরের আন্তর্জাতিক ক্যারিয়ারে লেন্ডল সিমন্স ওয়েস্ট ইন্ডিজের হয়ে ৮টি টেস্ট, ৬৮ ওয়ানডে ও ৬৮টি আন্তর্জাতিক টি-২০ ম্যাচ খেলেছেন। টেস্টে ২৭৮, ওয়ানডে ক্রিকেটে এক হাজার ৯৫৮ ও আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে এক হাজার ৫২৭ রান সংগ্রহ করেছেন তিনি। তিন ফরম্যাট মিলিয়ে দুটি সেঞ্চুরি ও ২৫টি হাফ-সেঞ্চুরি রয়েছে তার ঝুলিতে।

তিনি ২০২১ সালের অক্টোবরে শেষবার ওয়েস্ট ইন্ডিজের হয়ে মাঠে নামেন। দুবাইয়ে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে টি-টোয়েন্টি বিশ্বকাপের ম্যাচটিই ছিল মেরুন জার্সিতে তার শেষ ম্যাচ।

গত শুক্রবারই ক্যারিবীয় ক্রিকেট বোর্ডকে নিজের অবসর নেওয়ার সিদ্ধান্তের কথা জানিয়ে চিঠি দেন ৩৭ বছর বয়সি এ ক্যারিবিয়ান তারকা। তার সোমবার ক্রীড়া সংস্থা ‘১২৪ নটআউট’-এর ইনস্টাগ্রাম আইডির মাধ্যমে সিমন্সের অবসরের খবর নিশ্চিত করা হয়। যেখানে বলা হয়েছে— ধন্যবাদ কিং, আপনি এখনো আছেন। আমরা এখন পর্যন্ত অনেক প্রতিভাবান ক্রিকেটার দেখেছি, কিন্তু ব্যাট হাতে আপনি প্রকৃতির অসাধারণ উপহার। তেমন কোনো অনুশীলন ছাড়াই আপনি সবসময় ব্যাট হাতে মাঠে নেমে গেছেন আর রানের বন্যা বইয়ে দিয়েছেন। আন্তর্জাতিক

ক্রিকেটে ওয়েস্ট ইন্ডিজের হয়ে আপনার অবদান অনস্বীকার্য।

একই দিনে ক্রিকেটকে বিদায় জানানোর ঘোষণা দেন ৩৭ বছর বয়সি রামদিন। তবে ঘরোয়া ক্রিকেট চালিয়ে যাবেন ওয়েস্ট ইন্ডিজের এ সাবেক অধিনায়ক। আন্তর্জাতিক মঞ্চে ৭৪ টেস্ট, ১৩৯ ওয়ানডে ও ৭১ টি-টোয়েন্টি খেলে ছয় সেঞ্চুরিতে প্রায় ছয় হাজার রান করেছেন তিনি।

পরে সোমবার বাংলাদেশ সময় রাতে রামদিনের পথেই হাঁটেন সিমন্স। প্রায় ১৬ বছরের দীর্ঘ আন্তর্জাতিক ক্যারিয়ারে ৮ টেস্ট, ৬৮ ওয়ানডে ও ৬৮ টি-টোয়েন্টি ম্যাচ খেলে সর্বোচ্চ ৩৭৬৩ রান করেছেন তিনি। রামদিনের মতো সিমন্সও ঘরোয়া ক্রিকেট চালিয়ে নেবেন।

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার সকালে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে পরিষদ মিলনয়াতনে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারন সম্পাদক প্রফেসর আবুল কালাম আজাদ, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই উত্তম কুমার, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান ,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব সহ উপজেলার সকল অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ,রাজনৈতিক নেতৃবৃন্দ,মুক্তিযোদ্ধা, সাংবাদিক ও এনজিও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বৃষ্টি ঝরাও শান্তি ছড়াও – সাজু কবীর

বৃষ্টি ঝরাও দৃষ্টি ছড়াও প্রভু দয়াময়,
শান্তি পাঠাও ক্লান্তি মেটাও তপ্ত ধরাটায়।

তেষ্টা অতি নষ্ট গতি কষ্ট হাহাকার,
ধৃষ্ট খরা ধরাভরা ক্লিষ্ট অনিবার।

বৃদ্ধ শিশু সিদ্ধ টিসু ক্লিষ্ট পক্ষীকূল,
বৃক্ষ পুড়ে বৃক্ক মরে পিষ্ট ফলমূল।

আগ পড়ে গুল ঝরে থির মিষ্টি বায়ু,
সৃষ্টি জীবে জলকামনা বীতশ্রদ্ধ আয়ু।

পাপী মোরা ক্ষমা করো হে করুণাময়,
বৃষ্টি ঝরাও শান্তি ছড়াও তপ্ত ধরাটায়।

কবি মাহমুদ ছাড়া – তাজুল ইসলাম নাহীদ

সারা বাংলার গর্ব তুমি
সবার চোখের তারা,
কাব্য জগত অচল ছিলো
কবি মাহমুদ ছাড়া।

তোমার চেষ্টায় নতুন করে ফোটল কাব্যর রবি,
তাইতো তোমার প্রেমে পাগল

বাংলার সকল কবি।

তোমার স্মৃতি যায় না ভুলা বাংলা ভাষার তরে,
নতুন করে সাজালে ফের
একটা একটা করে।

সর্ব ক্ষেত্রে কলম তোমার চলছে অবিরত,
দেখি মোরা দু চোখ ভরে
কাব্য গল্প যত।

তিতাস পাড়ে জন্ম নিয়ে
করলে মোদের ধন্য,
বি বাড়িয়া পরিচিত
আজকে তোমার জন্য।

করোনায় মারা গেলেন প্রখ্যাত সংগীতশিল্পী ভূপিন্দর সিং

করোনায় আক্রান্ত হয়ে মুম্বাইয়ের একটি হাসপাতালে মারা গেছেন ভারতের প্রখ্যাত সংগীতশিল্পী ভূপিন্দর সিং।

১০ দিনের লড়াইয়ের পর সোমবার রাত পৌনে ৮টার দিকে ৮২ বছরের এ সংগীতশিল্পী শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

রেখে গেলেন হিন্দি, বাংলা ভাষায় অজস্র গান। বার্ধক্যজনিত একাধিক সমস্যায় ভুগছিলেন বর্ষীয়ান এ শিল্পী। একাধিকবার মূত্রনালির সংক্রমণে ভুগেছেন।করোনায় আক্রান্ত হয়ে ১০ দিন আগে হাসপাতালে ভর্তি হয়েছিলেন ভূপিন্দর সিং। চিকিৎসাধীন হৃদরোগে আক্রান্ত হয়ে সোমবার রাতে মারা যান তিনি।

তার স্ত্রী মিতালী সিং বলেন, বার্ধক্যজনিত নানা সমস্যায় ভুগছিলেন, হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ভূপিন্দরজির।

তা বিখ্যাত গানগুলোর মধ্যে রয়েছে— ‘এক আকেলা ইস শহর মে’, ‘নাম গুম যায়ে গা’, ‘দিল ঢুন্ডতা হ্যাঁয় ফির ওয়াহি’ ইত্যাদি। মিঠুন চক্রবর্তী, দেবশ্রী রায় অভিনীত ‘ত্রয়ী’ ছবিতে ভূপিন্দরের গাওয়া ‘কবে যে কোথায় কী যে হলো ভুল’ আজও এই প্রজন্মের প্রিয় গান।

তার ভারি কণ্ঠস্বরের নরম সুরে ‘মৌসম’, ‘সত্তে পে সত্তা’, ‘আহিস্তা’, ‘দুরিয়া’ ছবির গান শ্রোতাদের মনে আলাদা জায়গা করে নিয়েছে।

শিল্পীর প্রয়াণে বিশিষ্ট সংগীতশিল্পী পঙ্কজ উদাস। তিনি বললেন, ভূপিন্দরজি আমার বড় ভাই ছিলেন। তার গায়ন রীতি, কণ্ঠস্বর সবার থেকে আলাদা। ফের ভূপিন্দর সংগীত দুনিয়া অভিভাবকহীন হলো। ফের দেশ তার আরও এক কৃতী সন্তানকে হারাল।

সারা দেশে নিয়োগ দেবে মিনিস্টার হাইটেক পার্ক

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে মিনিস্টার হাই-টেক পার্ক লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার (শোরুম)।

পদসংখ্যা

মোট ৫০ জন।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে যেকোনো বিষয়ে বিএ/ স্নাতক অথবা স্নাতকোত্তর পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। প্রার্থীর

পূর্ববর্তী কাজের ন্যূনতম তিন থেকে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ম্যানুফেকচারিং, ডাইরেক্ট সের্লিং/ মার্কেটিং সার্ভিস কোম্পানি, ইলেক্ট্রনিক্স ইকুইপমেন্ট বা হোম অ্যাপ্লায়েন্স সংক্রান্ত বিষয়ে জানাশোনা থাকতে হবে। ৩০ থেকে অনূর্ধ্ব-৩৫ বছর বয়স পর্যন্ত আবেদন করা যাবে। চাপের মধ্যে কাজের মানসিকতা থাকতে হবে।

কর্মস্থল

সারা দেশ (প্রতিষ্ঠান নির্ধারিত)।

বেতন ও সুবিধাদি

আলোচনা সাপেক্ষে। কোম্পানির নীতিমালা অনুসারে সেলস কমিশন, টিএ, মোবাইল বিল, পারফরমেন্স বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, সেলারি রিভিউ প্রতিবছর ও বোনাস প্রদান করা হবে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র ও জীবনবৃত্তান্ত সঙ্গে নিয়ে নিম্নে উল্লেখিত ঠিকানায় নির্দিষ্ট তারিখ পর্যন্ত প্রতি রবিবার (যেকোনো একদিন) উপস্থিত হয়ে মৌখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঠিকানা : ১১২ পুরাতন এয়ারপোর্ট রোড, বিজয় সারণী (র্যাংগস ভবনের বিপরীতে), তেজকুনিপাড়া, তেজগাঁও, ঢাকা।

মৌখিক পরীক্ষার শেষ তারিখ

৩ আগস্ট, ২০২২।

সূত্র : বিডিজবস